দৈনিক বাংলা

তারিখ ... 28/9/82 ...
পৃষ্ঠা ... ... 5 কলাম ... | ... ...

071

২৫৮

# প্রাথমিক শিক্ষক নিয়োগ

দেশে ৪৭ হাজার প্রাথমিক বিদ্যালয়ে বহু পদ শূন্য আছে দীর্ঘদিন ধরে। আগামীতে আরো অনেক শিক্ষক অবসর নিচ্ছেন। ফলে শূন্য পদের সংখ্যা আরো বাড়ছে। এবং বহু বিদ্যালয়ে পড়াশুনা ব্যাহত হচ্ছে।

প্রাথমিক বিদ্যালয়ের এই শূন্যপদে শিক্ষক নিয়োগের প্রশ্ন ঝুলে আছে দীর্ঘদিন ধরে। কয়েক বছর আগে কিছুসংখ্যক শিক্ষককে এডহক ভিত্তিতে অনেক বিদ্যালয়ে নিযুক্ত করা হয়েছিল। কিন্তু তাদের চাকরি স্থায়ী করা হয়নি। পরবর্তীকালে তাদের পদচ্যুত করা হয়। বলা হয়েছে পরবর্তীকালে চাকরি দেবার কালে তাদের প্রশ্ন বিবেচনা করা হবে।

এছাড়া একদল শিক্ষককে প্যানেলভুক্ত করা হয়েছিল শূন্য পদে নিযুক্ত করার জন্য। দীর্ঘদিন ধরে এরা নিযুক্তির অপেক্ষায় আছে। আবার এই প্রতীক্ষায় অনেকেরই সরকারী চাকরি পাবার বয়স পার হয়ে গেছে। ফলে বিভিন্ন মহল থেকে প্রাথমিক বিদ্যালয়ের শূন্যপদ পূরণের প্রয়োজনীয়তার কথা বলা হচ্ছিল।

তবে এই নিযুক্তির প্রশ্নে অসুবিধা সৃষ্টি করেছিল একটি নির্দেশ। এ নির্দেশে বলা হয়েছিল, বিদ্যালয়ের শূন্য পদে শতকরা ৫০ জন শিক্ষিকা নিয়োগ করতে হবে। অথচ এত সংখ্যক শিক্ষিকা প্রকৃতপক্ষে প্যানেলভুক্তদের মধ্যেও ছিল না, বা দেশের সকল প্রশিক্ষণ ইনস্টিটিউটের মোট সংখ্যা নিলেও পাওয়া সম্ভব ছিল না। ফলে প্রাথমিক বিদ্যালয়ের শূন্য পদে শিক্ষক নিয়োগের উদ্যোগ সফল হয়নি। জানা গেছে, সম্প্রতি এ ব্যাপারে নতুন নির্দেশ দেয়া হয়েছে। নির্দেশ দেয়া হয়েছে মহিলাদের অগ্রাধিকারের ভিত্তিতে নিযুক্ত করার। এবং আগামী ডিসেম্বরের মধ্যে নিযুক্তি-পর্ব শেষ করার।

আমাদের মনে হয় উদ্ভূত পরিস্থিতিতে এই নির্দেশ সময়োপযোগী হয়েছে। আমরা আশা করব, এই নির্দেশ যথাসময়ে কার্যকর হবে।